Vol. 155 Issue 187

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

January -March 2018

## CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য অনুদান প্রদান

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে অনুদান প্রদান করা হয়। গত ১৪/০১/২০১৮ ইং তারিখ এই উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক আজাদী সম্পাদক, প্রাক্তন লায়ন জেলা গভর্ণর ও ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান জনাব এম এ মালেক। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রাক্তন লায়ন জেলা গভর্ণর লায়ন মোস্তাক আহমেদ, চিটাগং সমিতি নিউইয়র্ক এর প্রেসিডেন্ট লায়ন আবদুল হাই জিয়া ও তার সহধর্মিনী শাহিদা সিকদার জিয়া। অনুষ্ঠানে লায়ন ক্যাপ্টেন শফিক ভূঁইয়া, লায়ন এস এম কামাল পাশা, লায়ন জাফর আহমেদ, লায়ন আবদুল হাই জিয়া তাদের অনুদানের চেক দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেকের কাছে হস্তান্তর করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব এম এ মালেক বলেন, চট্টগ্রামের ক্যান্সার রোগীরা খুবই অবহেলিত। ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য চট্টগ্রামে কোন সু-ব্যবস্থা নাই। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ক্যান্সার রোগীরে চিকিৎসা সেবার জন্য একটি পূর্ণাঙ্গ ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছেন। যা নিঃসন্দেহে চট্টগ্রামবাসীর জন্য একটি ভাল খবর। এই ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নের জন্য সকলের এগিয়ে আসা উচিত। যেকোন ভাল কাজের উদ্যোগ নিলে তা অবশ্যই সফল হবে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের এই উদ্যোগও অবশ্যই সফল হবে। তিনি এ ব্যাপারে সহযোগিতার হাত বাড়ানোর জন্য দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি চিটাগং সমিতি নিউইয়র্ক ও আমেরিকা প্রবাসীদের এ ব্যাপারে বিশেষ সহযোগিতা কামনা করেন। চট্টগ্রাম সমিতি নিউইয়র্ক এর প্রেসিডেন্ট জনাব আবদুল হাই জিয়া বলেন চট্টগ্রাম বাসীর জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নিঃসন্দেহে একটি অনন্য প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠার সাথে কাজ করলে একটি প্রতিষ্ঠানকে কতদূর এগিয়ে নেয়া যায় এটি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি নিউইয়র্ক প্রবাসী ও চট্টগ্রাম সমিতি নিউইয়র্ক এর পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এবং বিশেষ ভাবে প্রস্তাবিত ক্যান্সার হাসপাতালের জন্য সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। প্রাক্তন লায়ন জেলা গভর্ণর লায়ন মোস্তাক আহমেদ বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজ সারা দেশে একটি মডেল হাসপাতাল হিসেবে পরিচিতি লাভ করেছে এবং এটি আজ একটি বিশাল প্রতিষ্ঠানে রূপ লাভ করেছে। এটি সম্ভব হয়েছে প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট এবং এর পরিচালনার সাথে সংশ্লিষ্টদের সততা, আন্তরিকতা ও দৃঢ়তার জন্য। তিনি লায়ন ডিষ্ট্রিক্টের পক্ষ থেকে হাসপাতালের জন্য সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম হাসপাতালের সার্বিক কার্যক্রম এর বিষয়ে সভাতে তুলে ধরেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ট্রেজারার মোঃ রেজাউল করিম আজাদ, মেরিডিয়ান গ্রুপের চেয়ারম্যান এস এম কামাল পাশা, মিসেস শাহিদা সিকদার জিয়া প্রমুখ। অনুষ্ঠানে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এসএম মোস্তাক আহমেদ, উপ-পরিচালক (প্রশাসন) মোহাম্মদ মোশাররফ হোসাইন ও অনকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ শেফাতুজ্জাহান উপস্থিত ছিলেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে এগিয়ে আসার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।



*CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য অনুদানের চেক গ্রহণ করছেন কার্যনির্বাহী প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক।*

## স্বেচ্ছা সেবী সংগঠন এএমডি ফ্রান্স, কেডিএম ফ্রান্স ও এসএআরপিভি'র সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৫ বছর মেয়াদী সমঝোতা স্মারক স্বাক্ষর

ফ্রান্সের স্বেচ্ছাসেবী সংগঠন এএমডি, কেডিএম এবং চকরিয়াস্ত এসএআরপিভি এর সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৫ বছর মেয়াদী একটি সমঝোতা স্মারক গত ২৪/০১/২০১৮ ইং তারিখ স্বাক্ষরিত হয়। এএমডির পক্ষে ফ্রান্সের প্রখ্যাত অর্থপেডিক সার্জন ডাঃ কেভিয়েরী থিয়েরী, কেডিএম এর পক্ষে প্যাট্রিস, এসএআরপিভির পক্ষে কাজী মাকসুদুল আলম এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী উক্ত সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, হাসপাতালের উপ-পরিচালক (প্রশাসন) মোহাম্মদ মোশাররফ হোসাইন, অর্থপেডিক সার্জারী বিভাগের রেজিষ্ট্রার ডাঃ তসলিম উদ্দিন চৌধুরী ও এসএআরপিভি প্রতিনিধি মোঃ রেজাউল করিম উপস্থিত ছিলেন। উক্ত সমঝোতা স্মারক অনুযায়ী পক্ষ গুলোর মধ্যে চিকিৎসা সেবা, প্রশিক্ষন ও গবেষণা কার্যক্রম পরিচালিত হবে। উক্ত সমঝোতা স্মারকের প্রেক্ষিতে ফ্রান্সের একটি বিশেষজ্ঞ অর্থপেডিকস টিম প্রতিবছর বাংলাদেশে আসেন এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ৩/৪ মাস অবস্থান করেন। তারা এসএআরপিভি'র সহায়তায় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে রিকেট জনিত বিকলাঙ্গ রোগীর অপারেশন সহ জটিল অপারেশন সম্পন্ন করেন। তাদের এই অবস্থানকালীন সময়ে প্রায় শতাধিক জটিল রোগীর অপারেশন করা হয়। এছাড়া হাসপাতালের সংশ্লিষ্ট ডাক্তার, নার্স ও ফিজিওথেরাপিষ্টদের প্রয়োজনীয় প্রশিক্ষন দেয়া হয়। বিগত ১০ বছর যাবৎ তারা বাংলাদেশে আসছেন এবং এখানকার রোগীদের চিকিৎসা সেবা প্রদান করছেন। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম বলেন, এটি একটি বিশাল উদ্যোগ। উক্ত সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশে প্রত্যন্ত অঞ্চলের রিকেট জনিত বিকলাঙ্গ রোগীরা খুবই উপকৃত হচ্ছেন। তাছাড়া আমাদের ডাক্তাররাও ফ্রান্সের বিশেষজ্ঞ টিমের কাছ থেকে অনেক কিছু শিখতে পারছেন। তিনি এজন্য এএমডি, কেডিএম ও এসএআরপিভি কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। ভবিষ্যতে এই সমযোগীতা অব্যহত থাকবে এই আশাবাদ ব্যক্ত করেন।




*সমঝোতা স্মারকে স্বাক্ষর করছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম ও এএমডি প্রতিনিধি ডাঃ কেভিয়েরী থিয়েরী।*

## CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য চট্টগ্রাম সমিতি ইউকে এর পক্ষ থেকে অনুদান প্রদান

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য চট্টগ্রাম সমিতি ইউকে এর পক্ষ থেকে ৫,৫৬,৯১৫/- (পাঁচ লক্ষ ছাপ্পান্ন হাজার নয়শত পনের) টাকা অনুদান প্রদান করা হয়। গত ০৩/০২/২০১৮ ইং তারিখ দৈনিক আজাদী সম্পাদক ও ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান এর নিকট উক্ত অনুদানের চেক হস্তান্তর করা হয়। এসময় চট্টগ্রাম সমিতি ইউকে এর পক্ষ থেকে জনাব নাজমুল হক চৌধুরী, এফসিএ, তাসলিমা খানম চৌধুরী (টুকু), এডভোকেট মোঃ আকতার হোসাইন, এফএম জুয়েল এমজেএফ, ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির কো-চেয়ারম্যান ও চট্টগ্রাম কাব লিঃ এর সাবেক চেয়ারম্যান জনাব এস এম আবু তৈয়ব, হাসপাতালের পক্ষ থেকে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ লায়ন ড. মোহাম্মদ সানাউল্লাহ, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব মোঃ হারুন ইউছুপ, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব এম জাকির হোসেন তালুকদার, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, কার্যনির্বাহী কমিটির সাবেক ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। সভাতে দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক চট্টগ্রামে ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে এগিয়ে আসার জন্য চট্টগ্রাম সমিতি ইউকে নেতৃবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি চট্টগ্রাম সমিতি ইউকে নেতৃবৃন্দকে এ ব্যাপারে ইউকে তে বসবাসরত চট্টগ্রামবাসীদের সাথে আলোচনা করে আরো বড় ধরণের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, চট্টগ্রামে ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন হবেই। এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা দরকার। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।



*চট্টগ্রাম সমিতি ইউকে এর পক্ষ থেকে CMOSH ক্যান্সার হাপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য অনুদান প্রদান।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে বিশ্ব ক্যান্সার দিবস পালিত




*বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব এম এ লতিফ, এমপি।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অনকোলজি বিভাগের উদ্যোগে গত ০৪/০২/২০১৮ ইং তারিখ বিশ্ব ক্যান্সার দিবস পালন করা হয়। এ উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম ১১ আসন থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব এম এ লতিফ, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজিএমইএ এর সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও CMOSH ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির কো-চেয়ারম্যান জনাব এস এম আবু তৈয়ব। অনুষ্ঠানে বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডাঃ এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, চমাশিহা মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ মোঃ জালাল উদ্দিন, বিকন ফার্মাসিউটিক্যালস এর গ্রুপ ম্যানেজার জনাব মোঃ সাফায়েত হোসেন প্রমুখ। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন হাসপাতালের অনকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ শেফাতুজ্জাহান। তিনি মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে ক্যান্সার বিষয়ক তথ্যচিত্র তুলে ধরেন। এ বছরের ক্যান্সার দিবসের প্রতিপাদ্য বিষয় "আমরা পারি, আমি পারি"। এই স্লোগানকে সামনে রেখে বিশ্ব ব্যাপি ক্যান্সার দিবস পালন করা হচ্ছে। অনুষ্ঠানে প্রধান অতিথি আলহাজ্ব এম এ লতিফ এমপি বলেন, বৃহত্তর চট্টগ্রামে ক্যান্সার রোগীদের পূর্ণাঙ্গ চিকিৎসার জন্য কোন ব্যবস্থা নেই। এখানে একটি পূর্ণাঙ্গ ক্যান্সার হাসপাতাল বা পূর্ণাঙ্গ ক্যান্সার চিকিৎসা কেন্দ্র খুবই প্রয়োজন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষ চট্টগ্রামবাসীকে সাথে নিয়ে এই ক্যাম্পাসে আলাদা একটি ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে যা নিঃসন্দেহে প্রশংসার দাবী রাখে। তিনি চট্টগ্রামের ব্যবসায়ী সমাজকে সাথে নিয়ে এই ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে সর্বাত্বক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি প্রতি সপ্তাহে এই কাজের অগ্রগতির বিষয়ে তার সাথে যোগাযোগ করার জন্য কমিটিকে অনুরোধ করেন। আগামী ৩ মাসের মধ্যেই এব্যাপারে একটি উল্লেখযোগ্য অগ্রগতি হবে বলে তিনি আশ্বাস প্রদান করেন। তিনি মরনাপন্ন ক্যান্সার রোগীদের প্রতি সকলকে সহানুভতির দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করেন। অনুষ্ঠানে ক্যান্সার সারভাইবার কয়েকজন রোগী তাদের অনুভতি ব্যক্ত করেন। তারা এই হাসপাতালে চিকিৎসা গ্রহণ করে বর্তমানে সুস্থ আছেন। অনুষ্ঠানে ক্যান্সার সারভাইবার রোগীদের কিছু শুভেচ্ছা উপহার দেয়া হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব মোঃ হারুন ইউছুপ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ গ্রহণ করেন। এর আগে বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে হাসপাতাল ক্যাম্পাস থেকে একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। প্রধান অতিথি সংসদ সদস্য জনাব এম এ লতিফ এমপি বেলুন উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন এবং উক্ত র‍্যালিতে অংশ গ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন অনকোলজি বিভাগের মেডিকেল অফিসার ডাঃ নুজহাত শারমিন রুহি।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউটের ছাত্র/ছাত্রীদের নার্সিং কাউন্সিলের চুড়ান্ত পরীক্ষায় শতভাগ পাশের সাফল্য



হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট, সেক্রেটারী ও সদস্যবৃন্দের সাথে সদ্য পাশ করা নার্সবৃন্দ।

বাংলাদেশ নার্সিং কাউন্সিলের অধীনে ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী কোর্সের চূড়ান্ত পরীক্ষা গতকাল ১৬/০২/২০১৮ ইং তারিখ ঢাকায় অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউটের ২৫ জন শিক্ষার্থী নার্সিং কাউন্সিলের উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করেন এবং সকলেই উত্তীর্ণ হয়। গত ১৭/০২/২০১৮ ইং তারিখ নার্সিং কাউন্সিলের পরীক্ষায় উত্তীর্ণ সকল নার্সগণ হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এ সময় কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ লায়ন ড. মোহাম্মদ সানাউল্লাহ, আলহাজ্ব মোঃ আহছান উল্যাহ, এস এম কুতুব উদ্দিন, খায়েজ আহমেদ ভূঁইয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (প্রশাসন) মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ মোহাম্মদ সফিউল আলম, ডাঃ এ কে এম আশরাফুল করিম উপস্থিত ছিলেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম তাদের এই সফলতায় সন্তোষ প্রকাশ করেন এবং তাদেরকে আন্তরিক অভিনন্দন জানান। একই সাথে তারা নার্সিং ইনষ্টিটিউটের সকল শিক্ষক/শিক্ষিকা ও কর্মকর্তা কর্মচারীগণকে আন্তরিক ধন্যবাদ জানান। উল্লেখ্য, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট প্রতিষ্ঠার পর থেকে প্রতি বছর নার্সিং কাউন্সিলের চুড়ান্ত পরীক্ষায় শত ভাগ পাশের কৃতিত্ব অর্জন করে আসছে।

# CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য ৫ লক্ষ টাকা অনুদান প্রদান



আমেরিকা প্রবাসী মিসেস আকলিমা হাসনাত CMOSH ক্যান্সার হাপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য অনুদানের চেক প্রদান করছেন।

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য আমেরিকা প্রবাসী মিসেস আকলিমা হাসনাত ৫ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। গতকাল ২৭/০২/২০১৮ ইং তারিখ তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর নিকট আনুষ্ঠানিক ভাবে উক্ত অনুদানের চেক হস্তান্তর করেন। এ সময় কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, জনাব মোঃ হারুন ইউছুপ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (প্রশাসন) মোহাম্মদ মোশাররফ হোসাইন, দাতার পরিবারের পক্ষে ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষক সাবিনা বানু ও জনাব আবদুল কুদ্দুস তালুকদার উপস্থিত ছিলেন। দাতা মিসেস আকলিমা হাসনাত সভাকে অবহিত করেন যে, তার সন্তান আদিব হাসনাত সম্প্রতি আমেরিকাতে সড়ক দুর্ঘটনায় নিহত হন। তার প্রয়াত সন্তানের স্মৃতি রক্ষার্থে তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের এই ক্যান্সার প্রজেক্টের জন্য উপরোক্ত অনুদান প্রদান করেন। তিনি তার প্রয়াত সন্তানের মাগফেরাতের জন্য সকলের কাছে দোয়া প্রার্থনা করেন। তিনি আরো অবহিত করেন যে, এই হাসপাতালের উন্নয়নে সহযোগিতার জন্য তিনি আমেরিকাতে গিয়ে বাংলাদেশ কমিউনিটি ও তার আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবের কাছে আবেদন জানাবেন এবং তার পরিবারের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা করবেন। কারণ, এটি একটি মহতী উদ্যোগ। এই উদ্যোগে সকলের সহযোগিতা প্রয়োজন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম দাতা মিসেস আকলিমা হাসনাতকে তার এই মহতী উদ্যোগের জন্য আন্তরিক ধন্যবাদ জানান।


# চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ টিচার্স ফোরাম এর উদ্যোগে ২ দিন ব্যাপী ন্যাশনাল সায়েন্টিফিক কনফারেন্স সফলভাবে সম্পন্ন



চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ টিচার্স ফোরাম এর উদ্যোগে ২ দিন ব্যাপী ন্যাশনাল সায়েন্টিফিক কনফারেন্স প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ডাঃ মোঃ ইসমাইল খান।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মেডিকেল কলেজ টিচার্স ফোরাম এর উদ্যোগে ১ ও ২ মার্চ ২০১৮ ইং তারিখ ২দিন ব্যাপী ২য় ন্যাশনাল সায়েন্টিফিক কনফারেন্স সফলভাবে সম্পন্ন হয়েছে। গতকাল ০১/০৩/২০১৮ ইং তারিখ উদ্বোধনী দিনে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ টিচার্স ফোরাম এর আহবায়ক ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এ.এস.এম মোস্তাক আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপচার্য প্রফেসর ডাঃ মোঃ ইসমাইল খান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডাঃ সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর। উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ.এস.এম ফজলুল করিম। ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম.এ তাহের খান, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। কনফারেন্স সেক্রেটারী প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ। কনফারেন্স এক্সিকিউটিভ সেক্রেটারী প্রফেসর ডাঃ এম. জালাল উদ্দিন। ২ দিন ব্যাপী এই সম্মেলনে দেশ বিদেশের চিকিৎসা বিজ্ঞানীগণ ৭টি প্ল্যানারী সেশনে তাদের প্রায় ৫৫টি গবেষনা পেপার উপস্থাপন করেন। কনফারেন্সে প্রয়াত ডাঃ শাহেদা করিম, প্রফেসর ডাঃ নাঈমা আক্তার ও প্রফেসর ডাঃ শাহাদাৎ হোসেন এর স্মরনে ৩টি মেমোরিয়াল লেকচার উপস্থাপন করা হয়। কনফারেন্সে বিভিন্ন সেশনে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন প্রফেসর এ.এস.এম ফজলুল করিম, প্রফেসর এ.কে.এম রেজাউল করিম, প্রফেসর এল.এ কাদেরী, প্রফেসর ডাঃ শামসুন নাহার, প্রফেসর ডাঃ সেলিম মোহাম্মদ জাহঙ্গীর, প্রফেসর প্রনব কুমার চৌধুরী, প্রফেসর ডাঃ এন.আই খান, প্রফেসর এম.এ সালাম, প্রফেসর সুলতানুল আলম, প্রফেসর এ.এস.এম মোস্তাক আহমেদ, প্রফেসর মুলকুতুর রহমান, প্রফেসর ডাঃ আমির হোসেন, প্রফেসর ডাঃ ইমাম উদ্দিন, প্রফেসর ডাঃ হাসানুজ্জামান ভূঁইয়া প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর ডাঃ ইসমাইল খান বলেন এটি একটি বিশাল সম্মেলন। এই সম্মেলনের মাধ্যমে চিকিৎসা বিজ্ঞানীগণ তাদের গবেষনা কর্ম তুলে ধরতে সক্ষম হবেন। এর মাধ্যমে বাংলাদেশে চিকিৎসা বিজ্ঞান আরো এক ধাপ এগিয়ে যাবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ কর্তৃপক্ষ ও কনফাঙ্গে প্রস্তুতি কমিটিকে আন্তরিক ধন্যবাদ জানান। এবারের কনফারেন্সে প্রতিপাদ্য বিষয় "Bridging the Gap between patient and Health care provider for A Healthy Nation" সমাপনী অনুষ্ঠানে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ প্রফেসর এম.এ তাহের খানকে চিকিৎসা সেবায় তাঁর অবদানের জন্য লাইফ টাইম অ্যাচিভমেন্ট এ্যাওয়ার্ড প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বি.এম.এ চট্টগ্রাম শাখার সভাপতি প্রফেসর ডাঃ মুজিবুল হক খান ও বি.এম. এ. চট্টগ্রাম শাখার সেক্রেটারী ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী। অনুষ্ঠানে একটি সফল সম্মেলন আয়োজনের জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ টিচার্স ফোরাম এবং এই সম্মেলনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। কনফারেন্সের সমাপনী সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে বিশ্ব কিডনী দিবস পালিত




*বিশ্ব কিডনী দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি লায়ন কামরুন মালেককে ক্রেষ্ট প্রদান করছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট ও জেনারেল সেক্রেটারী।*



*বিশ্ব কিডনী দিবস উপলক্ষে আয়োজিত র‍্যালির একাংশ।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নেফ্রলজি বিভাগের উদ্যোগে বিশ্ব কিডনী দিবস ২০১৮ পালন করা হয়। এ উপলক্ষে গত ০৮/০৩/২০১৮ ইং তারিখ হাসপাতালের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক সেমিনারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লায়ন্স জেলা ভাইস গভর্ণর লায়ন কামরুন মালেক। সেমিনারে হাসপাতালের কিডনী রোগ বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ আবুল কাসেম ও শিশু কিডনী রোগ বিভাগের জুনিয়র কনসালটেন্ট ডাঃ কামাল হোসেন জুয়েল কিডনী রোগ ও এর প্রতিকারের বিষয়ে ২টি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এ বছর বিশ্ব কিডনী দিবসের প্রতিপাদ্য বিষয় "কিডনী ও নারী স্বাস্থ্য"। সেমিনারে বাংলাদেশে কিডনী রোগের সার্বিক চিত্র ও এর প্রতিকারের বিষয় তুলে ধরা হয়। সভাতে নিরব ঘাতক কিডনী রোগ নিয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির আহবান জানানো হয়। প্রাথমিক ভাবে রোগ নির্ণয় করা গেলে এ রোগের নিরাময় সম্ভব। কিন্তু মানুষ প্রাথমিক অবস্থায় বুঝতেই পারেনা যে সে কিডনী রোগে আক্রান্ত হতে বসেছে। রোগের জটিল পর্যায়ে পৌছলে চিকিৎসকের স্মরণাপন্ন হন অধিকাংশ রোগী। তখন ডায়ালাইসিস ছাড়া কোন উপায় থাকেনা। কিডনী এবং কিডনী রোগ নিয়ে সচেতনতার অভাবই এর মূল কারণ। কেবল মাত্র সচেতনতার মাধ্যমেই কিডনী রোগ প্রতিরোধ করা সম্ভব। অনুষ্ঠানে প্রধান অতিথি মিসেস কামরুন মালেক বলেন, কিডনী রোগ বর্তমানে বিশ্বব্যাপি মহামারি আকার ধারন করেছে। বাংলাদেশেও প্রায় ২ কোটি মানুষ কিডনী রোগে আক্রান্ত। কিডনী রোগীদের সহযোগিতায় সরকার ও সমাজের দানশীল মানুষকে এগিয়ে আসার জন্য তিনি আহবান জানান। রোগীরা যাতে কম খরচে কিডনী রোগের সেবা পেতে পারে এজন্য সরকারী, বেসরকারী সব মহলের সহযোগিতা প্রয়োজন। তিনি অসহায় এই রোগী গুলোর সহযোগিতার জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান। তিনি ডাক্তারদের কে রোগীদের প্রতি সদয় ও মানবিক আচরণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। তিনি বলেন, কিডনী রোগীদের বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষ সর্বাত্বক সহযোগিতার চেষ্টা করে যাচ্চে। অধিকাংশ রোগীকে হাসপাতালের যাকাত ফান্ড, দরিদ্র কল্যাণ তহবিল ও অন্যান্য তহবিল থেকে সর্বোচ্চ সহযোগিতা করা হচ্ছে। ভবিষ্যতে এই সহযোগিতা আরো বৃদ্ধি করার বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষ চেষ্টা করবে। তিনি চট্টগ্রাম কিডনী ফাউন্ডেশনকে কিডনী রোগীদের জন্য তাদের সেবার পরিধি আরো বৃদ্ধি করার আহবান জানান। অনুষ্ঠানে অত্র হাসপাতালে চিকিৎসাধীন কয়েকজন কিডনী রোগী তাদের অনুভূতি প্রকাশ করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এ ধরনের একটি চমৎকার প্রোগ্রাম আয়োজনের জন্য নেফ্রলজি বিভাগকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি হাসপাতাল ক্যাম্পাসের বাইরেও বিভিন্ন প্রতিষ্ঠানে এ ব্যাপারে সচেতনতামূলক প্রোগ্রাম করার অনুরোধ করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস চেয়ারম্যান জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যানর্বাহী কমিটির সদস্য জনাব মোঃ হারুন ইউছুপ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। এছাড়া অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক-শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ গ্রহণ করেন। এর আগে হাসপাতাল ক্যাম্পাস থেকে বিশ্ব কিডনী দিবস উপলক্ষে এক র‍্যালীর আয়োজন করা হয় এবং সকাল থেকে হাসপাতালের মহিলা কর্মকর্তা কর্মচারীদের বিনামূল্যে কিডনী স্ক্রিনিং/পরীক্ষা করা হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন শিশু স্বাস্থ্য বিভাগের আবাসিক চিকিৎসক ডাঃ ফাহিম হাসান রেজা ও মেডিসিন বিভাগের সহকারী রেজিষ্ট্রার ডাঃ আয়েশা মোহাম্মদ ওসমান।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে বার্ষিক ফ্যামিলি নাইট ও মিলন মেলা অনুষ্ঠান অনুষ্ঠিত




*অনুষ্ঠানে সংবর্ধিত অতিথি ডাঃ মইনুল ইসলাম মাহমুদকে ক্রেষ্ট প্রদান করছেন প্রধান অতিথি জনাব এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সর্বস্তরের ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারবর্গকে নিয়ে বার্ষিক ফ্যামিলি নাইট ও মিলন মেলা অনুষ্ঠান গত ০৩/০৩/২০১৮ ইং তারিখ হাসপাতাল ক্যাম্পাসে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম ৬ রাউজান থেকে নির্বাচিত মাননীয় জাতীয় সংসদ সদস্য ও রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। অনুষ্ঠানে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়ন ও অগ্রযাত্রায় বিশেষ অবদানের জন্য কার্যনির্বাহী কমিটির সাবেক সদস্য ডাঃ মইনুল ইসলাম মাহমুদ, জনাব আমীর হুমায়ুন মাহমুদ চৌধুরী, সাবেক জয়েন্ট জেনারেল সেক্রেটারী ইঞ্জিঃ রশিদ আহমেদ চৌধুরী ও সাবেক ডোনার সদস্য জনাব আবুল বাশার আবু সাহেবকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব এবি এম ফজলে করিম চৌধুরী বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বৃহত্তর চট্টগ্রামবাসীর স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচেছ। এই হাসপাতালে অত্যন্ত কম খরচে উন্নতমানের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বৃহত্তর চট্টগ্রামবাসী এই হাসপাতালের মাধ্যমে ব্যাপক ভাবে উপকৃত হচ্ছে। তিনি এই হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত যারা হাসপাতালের উন্নয়নে অবদান রেখেছেন তাদেরকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, এই হাসপাতাল চট্টগ্রাম বাসীর প্রতিষ্ঠান। এর উন্নয়নে সকলের একযোগে কাজ করা উচিৎ। তিনি এই হাসপাতালের উন্নয়নে তার যেখানে যে সহযোগিতা প্রয়োজন সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। একদিন এই হাসপাতাল বিশ্ব মানের হাসপাতালে রূপান্তরিত হবে এই আশাবাদ ব্যক্ত করেন। তিনি হাসপাতালের জন্য কাজ করার স্বীকৃতি স্বরূপ সংবর্ধিত ব্যক্তিবর্গকে সম্মান প্রদান করায় হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানে হাসপাতালের বিভিন্ন বিভাগ থেকে নির্বাচিত ১০ জন কর্মকর্তা কর্মচারীকে তাদের ২০১৭ সালের সন্তোষজনক কার্যক্রমের জন্য বেষ্ট সার্ভিস এ্যওয়ার্ড প্রদান করা হয়। এছাড়া ২০১৭ সালের জন্য প্রেসিডেন্ট স্পেশাল এ্যাওয়ার্ড প্রদান করা হয় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ এম জালাল উদ্দিনকে। সমাপনী পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ, র‍্যাফেল ড্র ও মেজবানের আয়োজন করা হয়। র‍্যাফেল ড্রতে প্রথম পুরষ্কার ১২৫ সিসি মোটর সাইকেল বিজয় লাভ করেন হাসপাতালের এইচ আর বিভাগে কর্মরত মোঃ সুলতানুল আলম। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, জনাব মোঃ আহছান উল্যাহ, মোঃ জাহিদুল হাসান, মোঃ হারুন ইউছুপ, এম জাকির হোসেন তালুকদার, খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের সকল ছাত্র-ছাত্রী, কর্মকর্তা কর্মচারী ও তাদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে আন্তর্জাতিক নারী দিবস পালিত




*বিশ্ব নারী দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম।*




*বিশ্ব নারী দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে হাসপাতালে কর্মরত নার্সদের ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম।*

বিশ্ব নারী দিবস ২০১৮ উপলক্ষে গত ১৯/০৩/২০১৮ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে হাসপাতালে কর্মরত সকল নারী কর্মকর্তা কর্মচারীদের নিয়ে এক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। সভায় আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী। কর্মশালার ১ম পর্যায়ে হাসপাতাল নার্সিং ডিপার্টমেন্ট ও মেডিকেল কলেজের কর্মরত মহিলা কর্মকর্তা কর্মচারীরা ৪টি গ্রুপে ভাগ হয়ে তাদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন এবং তার সুষ্ঠ সমাধান প্রস্তাব করেন। ৪টি গ্রুপের নেতৃত্ব দেন বিভাগীয় প্রধান (ফার্মাকোলজি) প্রফেসর ডাঃ রোজিনা হক, উপ-পরিচালক (প্রশাসন) ডাঃ মুরশিদ আরা বেগম, সহকারী অধ্যাপক (অবস এন্ড গাইনী) ডাঃ আকলিমা সুলতানা ও জুনিয়র কনসালটেন্ট (শিশু স্বাস্থ্য) ডাঃ রুহিতা মোর্শেদ। এই ৪ জন দলীয় আলোচনার পর তাদের নিজ নিজ দলের বিভিন্ন সমস্যা সম্পর্কে সকলকে অবহিত করেন। বহুদিন পর এধরনের একটি মহিলা সমাবেশের আয়োজন হওয়ায় সকলেই স্বতঃস্ফুর্ত ভাবে অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান বক্তা ডাঃ আঞ্জুমান আরা ইসলাম সকলকে তার জীবনের বিভিন্ন অভিজ্ঞতা বর্ণনা করেন এবং সকলকে আশ্বাস দেন ভবিষ্যতে আলোচিত সমস্যাগুলো নিয়ে সর্বাঙ্গিন ভাবে সকলকে সহযোগিতা করার। কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন এ ধরনের একটি অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

## বাংলাদেশের স্বল্পোন্নত দেশের (এল.ডি.সি) স্ট্যাটাস থেকে ঐতিহাসিক উত্তরণ ও স্বাস্থ্য খাতে ঐতিহাসিক অর্জন" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত



সরকারী নির্দেশনা মোতাবেক গত ২৪.০৩.২০১৮ তারিখে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসাইনের সভাপতিত্বে "বাংলাদেশের স্বল্পোন্নত দেশের (এল.ডি.সি) স্ট্যাটাস থেকে ঐতিহাসিক উত্তরণ ও স্বাস্থ্য খাতে ঐতিহাসিক অর্জন" শীর্ষক আলোচনা সভা কলেজের লেকচার গ্যালারীতে অনুষ্ঠিত হয়। গৃহিত কর্মসূচীর মধ্যে রয়েছে স্বাস্থ্য মেলা, দুই দিন ব্যাপী বিনামূল্যে রক্তদান কর্মসূচী, শোভাযাত্রা, আনন্দ র‍্যালী, এল.ডি.সি গ্রাজুয়েশন সংক্রান্ত সম্ভাব্য স্লোগান সমৃদ্ধ লিফটলেট এবং ফেস্টুন ইত্যাদি। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম। বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসাইন, কার্যনির্বাহী কমিটির জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির মেম্বার আলহাজ্ব মোঃ হারুন ইউসুফ, জনাব আনোয়ারুল ইসলাম, কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ.এস.এম. মোস্তাক আহমেদ এবং হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। প্রধান অতিথি ডাঃ আঞ্জুমান আরা ইসলাম স্বাস্থ্য মেলা এবং দুই দিন ব্যাপী বিনামূল্যে রক্তদান কর্মসূচীর কার্যক্রমেরও উদ্বোধন করেন।

প্রধান অতিথি ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম বলেন যে, বাংলাদেশ ক্রমশঃ উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের অভিযাত্রায় বাংলাদেশ। গঠণমূলক নেতৃত্বের কারণে এই অর্জন সম্ভব হয়েছে। উন্নয়নের এই সফলতাকে কাজে লাগিয়ে দেশের আরও অগ্রগতি সাধনের লক্ষ্যে বেশী বেশী করে কাজ করতে হবে। এই অর্জনের পথ ধরে বাংলাদেশ যেন আরও পরিবর্তনের দিকে এগিয়ে যায়। সকল সূচকের উন্নয়নে বিশ্বের রোল মডেল বাংলাদেশ। তিনি বলেন যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এই অগ্রগতি অংশ। আগামী প্রজন্মকে একটি সুখী ও সমৃদ্ধশালী দেশ উপহার দেয়ার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করার আহবান জানান।

বক্তারা বলেন যে, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের তালিকায় অন্তর্ভূক্ত হয়েছে বাংলাদেশ। এই অর্জন অবশ্যই আনন্দের। প্রতিটি সেক্টরে সেক্টরে অগ্রগতি সাধিত হচ্ছে। আন্তরিক দিয়ে প্রত্যেকে স্ব-স্ব স্থানে অবদান রাখলে বাংলাদেশ আরও নতুন রূপে বিশ্বের দরবারে পরিচিতি লাভ করবে।

অত্র মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ চিন্ময় বৈদ্য এর সাবলীল উপস্থাপনায় উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির মেম্বার অধ্য লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ। প্রতিষ্ঠানের প্রি-কিনিক্যাল, প্যারাকিনিক্যাল এবং কিনিক্যাল বিভাগের সর্বস্তরের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, সিনিয়র কনসালটেন্ট, কনসালটেন্ট, জুনিয়র কনসালটেন্ট, রেসিডেন্ট ফিজিশিয়ান, রেসিডেন্ট সার্জন, কিউরেটর, প্রভাষক, রেজিষ্ট্রার, সহকারী রেজিষ্ট্রার, মেডিকেল অফিসার, ইন্টার্ণী ডাক্তার, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, নার্স, নার্সিং শিক্ষার্থী এবং কর্মচারীবৃন্দ স্বস্ফূর্তভাবে অংশ গ্রহণ করেন।

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **January - March 2018**

| | Jan'18 | Feb'18 | Mar'18 |
|---|---|---|---|
| Out Patient Dept : | | | |
| Paediatrics | 5137 | 5137 | 5874 |
| Adult Patient (Medicine) | 1926 | 2630 | 2899 |
| Consultancy Service (Paediatric) | 787 | 456 | 883 |
| Consultancy Service (Adult) | 741 | 858 | 894 |
| Obs. & Gynae | 2397 | 2023 | 2044 |
| Surgical (Paediatric) | 919 | 798 | 513 |
| Surgical (General) | 838 | 927 | 1075 |
| Mini O.T. | 1308 | 1231 | 1315 |
| E.N.T. | 1049 | 1066 | 1192 |
| Orthopaedics | 1302 | 1172 | 1393 |
| Skin Diseases | 1137 | 987 | 1138 |
| Eye | 826 | 724 | 923 |
| Dental Cases | 379 | 299 | 442 |
| ORT | 41 | 50 | 51 |
| Psychology | 148 | 120 | 132 |
| Neurology | 412 | 373 | 446 |
| Asthma Clinic | - | 29 | 29 |
| Family Planning | 101 | 82 | 91 |
| Psychiatry | 160 | 146 | 155 |
| Dots Corner | 878 | 815 | 322 |
| Speech Therapy | 262 | 238 | 247 |
| Physiotherapy | 711 | 617 | 834 |
| L.M.C. | 48 | 41 | 48 |
| Referrd Cases | 165 | 287 | 246 |
| E.P.I. | 1413 | 1371 | 1458 |
| Gastroenterology Uint | 86 | 82 | 92 |
| EEG | 75 | 72 | 93 |
| RNDA | 158 | 149 | 155 |
| GDA | 236 | 191 | 207 |
| Low Vision | 132 | 125 | 165 |
| Occupational Therapy (OT) | 170 | 118 | 155 |
| Sitting Fitting | 69 | 52 | 105 |
| ETT | 02 | 02 | 05 |
| Paediatric Nephrology | 11 | 10 | 15 |
| Adult Nepgrology | 39 | 33 | 33 |
| Nuro Medicine | 135 | 124 | 137 |
| Oncology | 109 | 86 | 112 |
| Chemotherapy | 90 | 88 | 124 |
| Physical Medicine | 277 | 275 | 316 |
| Hematology | 106 | 55 | 114 |
| **In Patint Departmnt:** | | | |
| Paediatric (Admission) | 4288 | 3970 | 4485 |
| Maternity (Admission) | 702 | 550 | 700 |
| Neonatal (Admission) | 221 | 208 | 242 |
| Adult Medicine (Admission) | 746 | 737 | 939 |
| Adult Medicine (Operation) | 09 | 04 | 07 |
| Paediatric Surgery (Admission) | 137 | 138 | 203. |
| Paediatric Surgery (Operation) | 150 | 121 | 116 |
| Operation Obs. & Gynae | 337 | 232 | 282 |
| General Surgery (Admission) | 157 | 171 | 247 |
| General Surgery (Operation) | 31 | 30 | 34 |
| Orthopadic Surgery (Admission) | 90 | 69 | 92 |
| Orthopadic Surgery (Operation) | 28 | 28 | 31 |
| E.N.T. (Admission) | 26 | 23 | 26 |
| E.N.T. (Operation) | 14 | 15 | 10 |
| Eye (Admission) | 05 | 03 | 02 |
| Eye (Operation) | 05 | - | 03 |
| Thalassamia (Admission) | 54 | 46 | 42 |
| Oncology | - | 01 | 08 |
| Cabin | 477 | 757 | 465 |
| Pathology | 8501 | 8185 | 8811 |
| Radiology | 3007 | 3181 | 3858 |
| Ultrasonography | 1213 | 11014 | 1284 |
| CT Scan | 133 | 123 | 96 |
| E.C.G. | 289 | 305 | 316 |
| Kindney Dialysis | 273 | 299 | 329 |
| Echocardiongram | 252 | 196 | 225 |
| Adult ICU (Admission) | 50 | 32 | 28 |
| Adult CCU (Admission) | 45 | 42 | 41 |
| Adult HDU (Admission) | 19 | 11 | 12 |
| Paediatric ICU (Admission) | 115 | 59 | 78 |
| Paediatric CCU (Admission) | 19 | 09 | 16 |
| Paediatric HDU (Admission) | 44 | 38 | 34 |
| Urology (Admission) | 31 | 28 | 26 |
| Urology (Operation) | 10 | 07 | 08 |
| Emergency | 2189 | 2161 | 3015 |
| Total Death | 50 | 54 | 53 |

## DONORS OF -January, February & March-2018.

| | January | February | March |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Medikit International (Nebulizer Mask Set) | 4,070 | - | - |
| Dr.Fahim Hasan Reza (Heater Fan) | 2,200 | - | - |
| AMD France (O.T Consumables) | 2,177,864 | - | - |
| Farhan-E-Alam Khan (ICU Bed,Wheel Chair, Plastic Chair) | | 38,800 | - |
| Mr. Md. Omar Faruqe (ICU Bed) | - | 10,000 | - |
| **Total:** | 2,184,134 | 48,800 | - |
| **Medicine :-** | | | |
| Dr.Md. Salim Reza | 1,262 | - | - |
| Dr.Fahim Hasan Reza | 1,040 | - | - |
| Prof. Dr. M.A. Taher Khan | - | 12,296 | - |
| Md. Taslim Uddin Chowdhury | - | 6,600 | - |
| Prof. Mahmood Ahmed Chowdhury | - | - | 530 |
| Dr. Abdullah All Hassan | - | - | 3,631 |
| Labaid Pharmaceuticals Ltd. | - | - | 1,618 |
| **Total:** | 2,302 | 18,896 | 5,779 |
| **Cash:** | | | |
| Inner Wheel Club of Chittagong. | - | - | 11,000 |
| **Total:** | - | - | 11,000 |
| **Donation of The Month:** | 2,186,436 | 67,696 | 16,779 |
| **Engr.L.K.Siddique Memorial.P. P. B. Fund:** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 342,312 | 356,259 | 327,189 |
| Chattagram Maa O Shishu Hospital Medical College | - | 131,550 | - |
| Received From M.R Card. | 21,000 | 31,500 | 33,000 |
| All Employee of CMOSH (For Khichury Fund). | 26,670 | - | 54,285 |
| Dr.Sharif Mohammed Muizzul Akbar Chowdhury. | 250 | - | - |
| Throgh: Miton Das | 200 | - | - |
| Md .Amin | - | 535 | - |
| Saifun Nessa | - | 100 | - |
| Mrs. Kawsar Begum | - | 5,000 | - |
| Shakila Badiozzaman | - | - | 500 |
| **Total:** | 390,432 | 524,944 | 414,974 |
| **Zakat:** | 200 | - | - |

**BOOK POST / PRINTED MATTERS**

Postage

To,

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web side : www.cmoshbd.org**


# চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল

আগ্রাবাদ, চট্টগ্রাম।

**ডায়াবেটিস ও হরমোন রোগ বিভাগ**

চালু করা হয়েছে

বিশেষজ্ঞ চিকিৎসক **ডাঃ মোহাম্মদ আবু বকর**, এমবিবিএস, ডিইএম (ডায়াবেটিস ও হরমোন), এমএসিই (আমেরিকা), ডায়াবেটিস ও হরমোন রোগে উচ্চতর প্রশিক্ষণ (সিঙ্গাপুর) উক্ত বিভাগে রোগীদের জন্য সুলভ মূল্যে সকল চিকিৎসা সেবা প্রদান করছেন।

- ডায়াবেটিস
- গর্ভবতির ডায়াবেটিস
- থাইরয়েডের সমস্যা (গলা ফুলা, বেশিঘাম, দুর্বলতা ওজন বাড়া বা কমে যাওয়া)
- শিশুদের বৃদ্ধি কম হওয়া
- ওজন বেড়ে যাওয়া / স্থূলতা
- মাসিকের বিভিন্ন সমস্যা
- সন্তান না হওয়া
- মেয়েদের মুখে ও শরীরে অবাঞ্ছিত লোম
- ছেলেদের বুক বড় হওয়া,
- বন্ধাত্ব
- যৌন সমস্যা
- ব্লাড প্রেসার
- হাঁড় ক্ষয় হওয়া/বাত-ব্যাথা
- মুখ, নখ শরীর কালো হওয়া,
- ক্ষুধা এবং ওজন কমে যাওয়া
- কিডনীতে বার বার পাথর হওয়া

**চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে একটি আন্তর্জাতিক মানের ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট বাস্তবায়নের জন্য সমাজের বিত্তশালীদের এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি।**

হিসাবের শিরোনাম : CMOSH Cancer Hospital & Research Institute
হিসাব নং : ০১৭০১৩০৬৭১০৪১, আইএফআইসি ব্যাংক লিঃ, আগ্রাবাদ, চট্টগ্রাম।

সার্বিক যোগাযোগ ঃ মোঃ মনজুরুল আলম চৌধুরী, উপ-পরিচালক (ফিন্যান্স) মোবাইল-০১৭১২-১৯১৮৭৫

**যাকাত প্রদানের আবেদন**

অসহায়, গরীব ও মুসলিম রোগীদের চিকিৎসা সহায়তার জন্য আপনার যাকাতের একটি উল্লেখযোগ্য অংশ চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল যাকাত ফান্ডে প্রদানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

হিসাবের নামঃ "চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল যাকাত ফান্ড"
হিসাব নং-৫০২১৩০০০০০৩, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংকিং উইন্ডো, আগ্রাবাদ শাখা এবং
হিসাব নং- ১০৩০২০০০৫২৬০৫, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।


**EDITORIAL BOARD :**

- Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam**
- Chief Editor : **S. M. Morshed Hossain** • Editor : **Md. Rezaul Karim Azad**
- Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001